গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১০২.১১.০১২.২৩.৮৮

তারিখ: ০৪ বৈশাখ ১৪৩০ / ১৭ এপ্রিল ২০২৩

# বিজ্ঞপ্তি

বিষয়: **বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের বাণিজ্যিক উইং-এ বিভিন্ন পদে কর্মকর্তা নিয়োগ**

বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের বাণিজ্যিক উইং-এ কমার্শিয়াল কাউন্সেলর ও প্রথম সচিব (বাণিজ্যিক) পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সিভিল সার্ভিসের যোগ্য ও আগ্রহী কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র. | পদের নাম ও মিশন | পদের সংখ্যা | যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | **কমার্শিয়াল কাউন্সেলর** টোকিও, বেইজিং, বার্লিন, মাদ্রিদ, মস্কো ও ওয়াশিংটন ডিসি | ৬ টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, রপ্তানি পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণে তথ্য প্রদান, নতুন পণ্য রপ্তানির সম্ভাবনা সম্পর্কে পণ্যভিত্তিক প্রতিবেদন প্রেরণ, সম্ভাবনাময় খাতে বিদেশী বিনিয়োগ আকৃষ্টে উদ্যোগ গ্রহণ, বিদেশস্থ বিভিন্ন বাণিজ্য সংগঠনের সাথে যোগাযোগ ও দেশীয় বাণিজ্য সংগঠনের সাথে সংযোগ সাধন, বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা শীর্ষক বিশেষ সভা, সেমিনার ও রোড শো আয়োজন, বাণিজ্যিক ও বিনিয়োগ সংক্রান্ত প্রতিনিধি দল প্রেরণের উদ্যোগ গ্রহণ, অধিক্ষেত্রাধীন দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক, বহুপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই ও প্রতিবেদন প্রেরণ, বাংলাদেশী পণ্য রপ্তানির লক্ষ্যে অধিক্ষেত্রাধীন দেশসমূহের নন ট্যারিফ বাধাসমূহ চিহ্নিতকরণ ও সম্ভাব্য সুপারিশ প্রেরণ। |
| ২ | **প্রথম সচিব (বাণিজ্যিক)** কলকাতা | ১ টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে কমপক্ষে ২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তা | |

**শর্তাবলি:**

১। সকল দপ্তরে কর্মরত যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ কর্তৃক নিজ মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী **১০.০৫.২০২৩ তারিখ বিকাল ০৪:০০** টার মধ্যে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক'

পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত রঙ্গিন ছবিসহ বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর আবেদন করতে হবে।

২। আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সিনিয়র সহকারী সচিব, রপ্তানি-৩ শাখা, বাণিজ্য মন্ত্রণালয় (ভবন ৩, দ্বিতীয় তলা, কক্ষ ১২৬) এর নিকট পৌছাতে হবে।

৩। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল গণ্য হবে।

৪। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮/১২/১৯৯৩ তারিখের মপবি/রির্পোট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১/০৭/২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের নীতিমালা অনুসরণ করা হবে।

৫। যে কোন পদের জন্য শুধু সমবেতন স্কেলের কর্মকর্তা আবেদন করতে পারবেন। সংশিষ্ট পদের এক ধাপ উচ্চ বেতন স্কেলের অথবা নিম্ন বেতন স্কেলের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৬। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ মিশনের একই পদ বা সমমর্যাদার পদে চাকরি করেছেন এরুপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪ (চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৮। ০১ জানুয়ারি ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচিত হবে না।

৯। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি-র প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

১০। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। প্রার্থিত পদ ও বাণিজ্যিক উইংয়ের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নম্বর কলামে) উল্লেখ করতে হবে। একাধিক উইংয়ের জন্য পৃথকভাবে আবেদন দাখিলের প্রয়োজন নেই।

১২। এছাড়া, 'নিকস' ফন্টে পূরণকৃত জীবন বৃত্তান্ত ছকের সফট কপি (docx ফরম্যাটে এবং সংলগ্নি ছাড়া) ই-মেইলে (export3@mincom.gov.bd) প্রেরণ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: জীবন বৃত্তান্ত ছক (১ পৃষ্ঠা)

১৭/০৮/২০২০

শাহ্‌রিয়ার আল-কবীর সিদ্দিকী
সিনিয়র সহকারী সচিব
export3@mincom.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩। সিনিয়র সচিব/সচিব (সকল)............................................
(সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)

৪। বাণিজ্য মন্ত্রণালয়ের কমিশন/অধিদপ্তর (সকল) ........................................

৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)

৬। অতিরিক্ত সচিব (সকল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭। মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৮। সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১০। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (জীবন বৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১১। বাণিজ্য মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড

## জীবন বৃত্তান্ত ছক

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে) :
২। বর্তমান আবাসিক ঠিকানা :
৩। স্থায়ী ঠিকানা :
৪। জন্ম তারিখ :
৫। পদবি এবং বর্তমান কর্মস্থল :
৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :
৭। বর্তমান বেতন স্কেল :
৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগাদানের তারিখ :
৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদপত্র জমা দেওয়ার তারিখ পর্যন্ত)
১০। ইতোপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ :
১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :
১২। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে) ফোন :
১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশী | | | |

১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :
১৫। বিদেশে পূর্বতন পোষ্টিং(যদি থাকে) :
১৬ । বিবাহিত/অবিবাহিত :
১৭। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :
১৮। প্রার্থিত পদের নাম ও বাণিজ্যিক উইং এর নাম :
১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) (অতিরিক্ত তথ্য যদি থাকে স্বতন্ত্র কাগজে সংযোজনপূর্বক স্বাক্ষর করতে হবে)।

আবেদনকারীর স্বাক্ষর

ফোন (অফিস):
ফোন (বাসা) :
মোবাইল :
ইমেইল :